

বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd



নম্বরঃ ৮০.০০.০০০০.১১১.১৫.০০৬.২০২২-২২৩

তারিখ : ২৩ আশ্বিন ১৪২৯  
২৮ সেপ্টেম্বর ২০২২

বিষয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরস্বতন্ত্র “নিবিড় জেলা পদ্ধতির মাধ্যমে প্রাথমিক শিক্ষা উন্নয়ন (আইডিয়াল)” শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত “সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা [২য় শ্রেণি/১০ম গ্রেড]” পদে পদায়নকৃত ০৩ জন কর্মচারীর চাকরি নিয়মিতকরণে সুপারিশ প্রদান।

সূত্র : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ৩০.০৮.২০২২ তারিখের ৪৫২ নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরস্বতন্ত্র “নিবিড় জেলা পদ্ধতির মাধ্যমে প্রাথমিক শিক্ষা উন্নয়ন (আইডিয়াল)” শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত “সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা [২য় শ্রেণি/১০ম গ্রেড]” পদে পদায়নকৃত ০৩ (তিন) জন কর্মচারীর চাকরি নিয়মিতকরণে সুপারিশ প্রদানের জন্য কমিশন সচিবালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাব কমিশন সমীপে উপস্থাপন করা হলে প্রাপ্ত কাগজপত্র, প্রত্যয়ন, বার্ষিক গোপনীয় অনুবেদন ও অন্যান্য তথ্যাবলীর ভিত্তিতে “প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫” এর সংশ্লিষ্ট বিধি-৫ অনুযায়ী প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “নিবিড় জেলা পদ্ধতির মাধ্যমে প্রাথমিক শিক্ষা উন্নয়ন (আইডিয়াল)” শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে রাজস্বখাতে স্থানান্তরিত “সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা [২য় শ্রেণি/১০ম গ্রেড]” পদে নিয়োক্ত ছকে বর্ণিত ০৩ (তিন) জন কর্মচারীর চাকরি নিয়মিতকরণের জন্য কমিশন সুপারিশ করেছে :

ক্রমিক নম্বর	নাম	পদের নাম ও গ্রেড
১.	জনাব মুস্তাক আহাম্মদ চৌধুরী	সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা [গ্রেড-১০]
২.	জনাব হরলাল সূত্রধর	-ঐ-
৩.	জনাব মো: আবদুল আলীম আকন	-ঐ-

০২. বর্তমানে বিবেচিত কাগজপত্র/তথ্যের কোনো ধরণের অযথার্থতা ভবিষ্যতে পরিলক্ষিত হলে তার দায়-দায়িত্ব চাকরি নিয়মিতকরণের সুবিধাভোগী কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বহন করবে।

০৩. চাকরি নিয়মিতকরণের জন্য সুপারিশকৃত কর্মচারীদের সমুদয় এসিআর [২০১৯ হতে ২০২১ সালের] এইসঙ্গে ফেরত প্রদান করা হলো। এগুলোর প্রাপ্তি স্বীকারসহ বর্ণিত সুপারিশের পরিপ্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

সিনিয়র সচিব  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


স্বাক্ষরিত/-  
মুঃ আঃ হামিদ জমাদ্দার  
সচিব  
টেলিফোন : ০২-৫৫০০৬৬২২  
ফ্যাক্সঃ ০২-৫৫০০৬৬২০  
ই-মেইলঃ Secretary@bpsc.gov.bd

নম্বরঃ ৮০.০০.০০০০.১১১.১৫.০০৬.২০২২-১২৩/২(৫)

তারিখ : ২৮ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে :-

১. সিনিয়র সিনিয়র সিস্টেম এনালিস্ট, তথ্য ও প্রযুক্তি ইউনিট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (নিয়মিতকরণের সুপারিশ সংক্রান্ত স্মারকটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
২. চেয়ারম্যান এর একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব এর একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সদস্য-৭ এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞ সদস্য-৭ মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অফিস নথি/গার্ড ফাইল।

  
২৮/০৯/২২

মোহাম্মদ আজিজুল হক  
[ পরিচালক ]